'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

**সেপ্টেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৪০ তম সভা)**

ভাপতি : জনাব মোঃ মন্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
ার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
ার তারিখ ও সময় : ০৮/০৯/২০২২, বেলা- ১০:০০ ঘটিকা।

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে**

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার জ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>বিষয়</th><th>আলোচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>(১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td>(২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা :</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত আগস্ট/২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ:
<table>
<tr><th colspan="3">আয়</th><th colspan="3">ব্যয়</th></tr>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>পূর্ববর্তী মাসের জের</td><td>১৯,৪২,২৯০/৯০</td><td>১</td><td>চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আগষ্ট/২০২২ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া</td><td>৯৯,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য</td><td>৩৮,৩৬০/-</td><td>২</td><td>অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের আগষ্ট/২০২২ মাসের বেতন</td><td>৩৪,৬৫০/-</td></tr>
<tr><td>৩</td><td>সাব-রেজিষ্ট্রার হতে ১%</td><td>৫,২৬,৬০৪/৭৫</td><td>৩</td><td>উপজেলা পরিষদের আগষ্ট/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৪</td><td>মেসার্স নারায়ন ষ্টোর, দিরাইকে ত্রাণ সামগ্রীক্রয়ের বিল প্রদান ভ্যাট ও আয়কর সহ</td><td>৪,৮৫,০০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৫</td><td>উপজেলা পরিষদের আভ্যন্তরিন বর্জ্য অপসারন কাজের বিল প্রদান</td><td>৪৫,০০০/-</td></tr>
<tr><td colspan="2">আগষ্ট/২২ মাসের আয়-</td><td>৫,৬৪,৯৬৪/৭৫</td><td colspan="2">আগষ্ট/২২ মাসের মোট ব্যয়-</td><td>৬,৬৮,৬৫০/-</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট আয়-</td><td>২৫,০৭,২৫৫/৬৫</td><td colspan="2">সর্বমোট ব্যয়-</td><td>৬,৬৮,৬৫০/-</td></tr>
<tr><td colspan="6">সমাপনী স্থিতি- ১৮,৩৮,৬০৫/৬৫</td></tr>
</table>
উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদের বিগত মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই</td></tr>
</table>



Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা প্রাণিসম্পদ অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা প্রাণি সম্পদ অফিসের আওতায় গবাদি পশুকে ক্ষুরা রোগের ভ্যাক্সিন প্রদান কার্যক্রম যথাযথ ভাবে চলমান রয়েছে। উক্ত ভ্যাক্সিন কার্যক্রমে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মৎস্যজীবিদের আইডি কার্ড প্রস্তুতের নিমিত্তে জেলেদের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। বর্তমানে তা যাচাই-বাছাইয়ের জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এঁর নিকট প্রেরণ করা হবে। তারা প্রকৃত মৎস্যজীবি যাচাই-বাছাই করে তা পুনঃরায় অত্রাফিসে প্রেরণ করবেন। পরবর্তীতে তা উপজেল কমিটি চূড়ান্ত তালিকা হিসেবে অনুমোদন দিবেন মর্মে উপস্থিত সকলকে জানান। তিনি আরও জানান পোনা মাছ হাওড়ে অবমুক্ত করনের জন্য ভরারগাঁও ঘোফরা ঘাট এলাকা সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে নির্বাচন করা হয়েছে। পোনা মাছ অবমুক্তকরণে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। সেই সাথে প্রকৃত মৎস্যজীবিগণ যেন তালিকা হতে বাতিল না পড়েন সেই দিকে সজাগ দৃষ্টিরেখে যাচাই-বাছাই করার জন্য ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই/ইউ/পি চেয়ারম্যান (সকল), দিরাই |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। তার দপ্তরের বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই |
| উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, দিরাই, সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি এর প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দিরাই'কে অনুরোধ জানানো হয়। সেই সাথে দ্রুত সময়ের মধ্যে চলতি অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি এর প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, দিরাই |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান বঙ্গবন্ধু গোল্ডকাপ এবং বঙ্গমাতা গোল্ডকাপ টুর্নামেন্ট ২০২২ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। কিন্তু সরকারি যে পরিমাণ অর্থ বরাদ্দ দেয়া হয়েছে এই খাতে তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। কাজেই উপজেলা পরিষদ হতে আর্থিক অনুদান হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদানের জন্য সভায় অনুরোধ জানানো হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। সেই সাথে বঙ্গবন্ধু গোল্ডকাপ এবং বঙ্গমাতা গোল্ডকাপ টুর্নামেন্ট ২০২২ এ আর্থিক অনুদান হিসেবে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা শিক্ষা অফিসার, দিরাই |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন অত্র উপজেলায় শতভাগ প্রতিবন্ধী ভাতা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন কার্যক্রম চলমান রয়েছে। এখন পর্যন্ত দিরাই পৌরসভায় ১০১জন, রফিনগর ইউ/পিতে ০৭জন, ভাটিপাড়া ইউ/পিতে ৭৯জন, রাজানগর ইউ/পিতে ৯৬জন, চরনারচর ইউ/পিতে ১১২জন, দিরাই সরমঙ্গল ইউ/পিতে ৬৫জন, করিমপুর ইউ/পিতে ৭৮জন, জগদল | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই সহ সংশ্লিষ্ট সকল |



Scanned With Scanner App Lite

| | | |
|---|---|---|
| | ইউ/পিতে ৯৪জন, তাড়ল ইউ/পিতে ৬৯জন এবং কুলঞ্জ ইউ/পিতে ৭৩জন প্রতিবন্ধীর আবেদন পাওয়া গেছে। নির্ধারিত সময়ের মধ্যে যেন একজন প্রতিবন্ধীও বাদ না পড়ে সেই জন্য বহুল প্রচার এবং আবেদনে উদ্বোদ্ধ করার জন্য মেয়র, দিরাই পৌরসভা ও চেয়ারম্যান, ইউ/পি (সকল), দিরাই কে অনুরোধ জানানো হয়। এছাড়া উপজেলা সমাজসেবা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত**ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। সেই সাথে নির্ধারিত সময়ের মধ্যে যেন একজন প্রতিবন্ধীও বাদ না পড়ে সেই জন্য বহুল প্রচার এবং আবেদনে উদ্বোদ্ধ করার লক্ষ্যে মাইকিং এর ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, দিরাই পৌরসভা ও চেয়ারম্যান, ইউ/পি (সকল), দিরাই কে অনুরোধ জানানো হয়। | |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জাননো হয়।<br>**সিদ্ধান্ত**ঃ বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন তার বিভাগিয় দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>**সিদ্ধান্ত**ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>**সিদ্ধান্ত**ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই |
| প্রকল্প বাস্ত বায়ন বিভাগ | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তার অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন আমাদের দিরাই হাওর বেষ্টিত এলাকা। এটি সুনামগঞ্জ জেলার মধ্যে নিচু এলাকা তাই প্রায় সময় আগাম বন্যার সৃষ্টি হয়ে এলাকার রাস্তাঘাট পানিতে তলিয়ে যায়। টিআর কাবিখা ৩য় ও ৪র্থ কিস্তির বরাদ্দ যখন আসে তখন পানির জন্য আর কোন কাজ করা যায় না। ফলে অত্র উপজেলার টিআর কাবিখার বরাদ্দ দিয়ে উন্নয়ন কার্য সম্পাদন করা যায় না। তাই মানবিক বিবেচনায় এবং বাস্তবতার প্রেক্ষিতে অত্র উপজেলার টিআর কাবিখার বরাদ্দ ১ম কিস্তির সাথে একত্রে ০৪(চার) কিস্তির টাকা বরাদ্দ প্রদানের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবরে পত্র দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত**ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। সেই সাথে টিআর কাবিখার বরাদ্দ ১ম কিস্তির সাথে একত্রে ০৪(চার) কিস্তির বরাদ্দের টাকা একত্রে প্রদানের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবরে পত্র দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই/ উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, দিরাই |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br>**সিদ্ধান্ত**ঃ বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই |
| বন বিভাগ | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br>**সিদ্ধান্ত**ঃ বিস্তারিত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা ফরেষ্টার/ডেপুটি রেঞ্জার, দিরাই |



Scanned With Scanner App Lite

**সহকারী কমিশনার (ভূমি)**

সহকারী কমিশনার (ভূমি), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), দিরাই'কে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে: সহকারী ক[illegible] (ভূমি)

**খাদ্য বিভাগ**

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন খাদ্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দিরাই পৌরসভায় খোলা বাজারে চাল বিক্রয়ের তথ্য:

| ক্রং নং | ডিলারের নাম | বিক্রয় কেন্দ্রের অবস্থান | পণ্য | দৈনিক ডিলার প্রতি বরাদ্দের পরিমাণ (কেজি) | ক্রেতা প্রতি সর্বোচ্চ বরাদ্দ (কেজি) | দর (প্রতি কেজি) | ০৭/০৯/২২ পর্যন্ত উত্তোলনের পরিমাণ (কেজি) | ০৭/০৯/২২ পর্যন্ত বিক্রয়ের পরিমাণ | ০৭/০৯/২২ পর্যন্ত অবশিষ্ট পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | নিকুঞ্জ রায় | ইউ/পি রোড | চাল | ২০০০ | ৫কেজি | ৩০/- | ১২০০০ কেজি | ৬০০০ কেজি | ৬০০০ কেজি |
| ০২ | প্রবল রায় | বাসষ্ট্যান্ড | চাল | ২০০০ | ৫কেজি | ৩০/- | ১০০০০ কেজি | ৪১০০ কেজি | ৫৯০০ কেজি |
| ০৩ | মোঃ রুহুল আমিন | হাইস্কুল রোড | চাল | ২০০০ | ৫কেজি | ৩০/- | ১২০০০ কেজি | ৬০০০ কেজি | ৬০০০ কেজি |

খ) খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার তালিকা ডিজিটাল ডাটাবেজে ভোক্তার তথ্য যাচাইয়ের অগ্রগতি (০৭/০৯/২২)

| ক্রংনং | ইউনিয়নের নাম | ভোক্তার সংখ্যা | এ পর্যন্ত যাচাইকৃত ভোক্তার সংখ্যা | অবশিষ্ট | শতকরা হার |
|---|---|---|---|---|---|
| ১. | রফিনগর | ৯৫৯ | ৪১১ | ৫৪৮ | ৪৩% |
| ২. | ভাটিপাড়া | ৭৮৯ | ৫০৭ | ২৮২ | ৬৪% |
| ৩. | রাজানগর | ৯৭৩ | ৭৩১ | ২৪২ | ৭৫% |
| ৪. | চরনারচর | ১০৪৭ | ৬৮৩ | ৩৬৪ | ৬৫% |
| ৫. | দিঃসরমঙ্গল | ৭৩৬ | ৫০৩ | ২৩৩ | ৬৮% |
| ৬. | করিমপুর | ৯৭৭ | ৪৬৭ | ৫১০ | ৪৮% |
| ৭. | জগদল | ১১২৭ | ৯০৫ | ২২২ | ৮০% |
| ৮. | তাড়ল | ৮২৬ | ৫৫৬ | ২৭০ | ৬৫% |
| ৯. | কুলঞ্জ | ১১৩৭ | ৮৭২ | ২৬৫ | ৭৭% |
| | মোট | ৮৫৭১ | ৫৬৩৫ | ২৯৩৬ | ৬৫% |

বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ দ্রুত সময়ের মধ্যে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার তালিকা ডিজিটাল ডাটাবেজে সম্পন্ন করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাইকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে: উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, দিরা[illegible]

**বিএডিসি (সেচ)**

সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে: সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) দিরাই

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**

উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে: উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই

**তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)**

(ক) তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে: তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই

**পল্লী সঞ্চয় ব্যাংক**

ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে: ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই



Scanned With Scanner App Lite

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্যম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাইকে অনুরোধ জানানো হয়। | |
| বিবিধ ঃ | (ক) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় বলেন- উপজেলা পরিষদের মালিকানাধীন গণমিলনায়তন ভবনের পার্শ্বের ভবনটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উক্ত ভবনটিতে উপজেলা স্কাউট, শিল্পকলা একাডেমি, গণ পাঠাগারসহ অন্যান্য কার্যক্রম পরিচালিত হচ্ছে। কাজেই উক্ত ভবনটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উক্ত কাজে সর্বমোট- ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় হবে মর্মে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনটি সভায় অনুমোদন সহ কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য আর,এফ, কিউ এর মাধ্যমে করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে "উপজেলা পরিষদের মালিকানাধীন গণমিলনায়তন ভবনের পার্শ্বের ভবনটি জরুরী ভিত্তিতে মেরামত" কাজের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন এবং কাজে প্রাক্কলিত মূল্য- ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে জরুরী ভিত্তিতে আর,এফ, কিউ এর মাধ্যমে কাজ করানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/<br>উপজেলা প্রকৌশলী, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই |
| | (খ) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় বলেন- উপজেলা পরিষদের মালিকানাধীন প্রশাসনিক ভবনের পানির পাম্প নষ্ট হয়ে গেছে। সেই সাথে পানির পাম্পটি নলকূপের নিকটে স্থাপন করা হয়। উক্ত কাজের জন্য সর্বমোট- ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। তিনি আরও জানান উপজেলা পরিষদের মালিকানাধীন হাসনাহেনা ভবনের নীচতলা পশ্চিম পার্শ্বের বাথরুমে কমেডের পেন বন্যার পানিতে মাটি সরে যাওয়ায় দেবে গেছে। উক্ত পেন স্থাপন করতে গিয়ে কমেট এবং টাইলস ভাংতে হয়েছে। উক্ত কাজের জন্য ১টি নতুন কমেট এবং টাইলস সহ অন্যান্য মালমালক্রয় ও শ্রমিক মজুরি বাবদ- ১০,৪০০/- (দশ হাজার চারশত) টাকা ব্যয় হয়েছে। উপরোল্লিখিত ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের মালিকানাধীন প্রশাসনিক ভবনের পানির পাম্প মেরামত বাবদ ব্যয়িত- ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা এবং উপজেলা পরিষদের মালিকানাধীন হাসনাহেনা ভবনের নীচতলা পশ্চিম পার্শ্বের বাথরুমে মেরামত বাবাদ ব্যয়িত- ১০,৪০০/- (দশ হাজার চারশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/<br>উপজেলা প্রকৌশলী, দিরাই |
| | (গ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসের ০২টি এবং উপজেলা পরিষদের মালিকানাধীন হাসনাহেনা ভবনের ০১টি সহ মোট ০৩(তিন)টি সিলিং ফ্যান বিগত- ০৫/০৪/২০২২ তারিখে বজ্রপাতের কারনে নষ্ট হয়ে যায়। জরুরী ভিত্তিতে ০৩টি সিলিং ফ্যান ক্রয় করতে সর্বমোট- ১২,০০০/- (বার হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিগত-০৫/০৪/২০২২ তারিখে বজ্রপাতের কারনে উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসের ০২টি এবং উপজেলা পরিষদের মালিকানাধীন হাসনাহেনা ভবনের ০১টি সহ মোট ০৩(তিন)টি সিলিং ফ্যানক্রয় বাবদ ব্যয়িত- ১২,০০০/- (বার হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ি মেরামত কাজে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ি মেরামত কাজে ব্যয়িত- ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঙ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত আইপিএস মেরামত কাজে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত আইপিএস মেরামত কাজে ব্যয়িত- ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।



Scanned With Scanner App Lite

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

তারিখ ঃ ০৮/০৯/২০২২খ্রি

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-২৭(৫০)

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। মেয়র, দিরাই পৌরসভা।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৮। উপজেলা ------------------------------------------------------------ অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান------------------------------------------------------------ ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

০৮.০৯.২২

(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

পরিশিষ্ট "ক"

| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০২। জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই | ০২। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |
| ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই। | ০৩। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৪। মেয়র, দিরাই পৌরসভা। | ০৪। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৫। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই। | ০৫। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৬। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই। | ০৬। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৭। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই। | ০৭। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ০৮। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই। | ০৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |
| ০৯। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই। | ০৯। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ১০। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই। | ১০। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ১১। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই। | ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| ১২। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই। | ১২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ১৩। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ। |

পরিশিষ্ট "খ"

| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, দিরাই, সুনামগঞ্জ। |
| ০২। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০২। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ০৩। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই |
| | ০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ০৫। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ০৬। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই। |
| | ০৭। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ। |
| | ০৮। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |
| | ০৯। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা) |
| | ১০। ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই, সুনামগঞ্জ, (কো-অপ্টকৃত কর্মকর্তা) |



Scanned With Scanner App Lite